



একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর

কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।  
www.dls.gov.bd



স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫- ৭৮

তারিখঃ- ১৩/০১/২০২২ইং

বিষয়ঃ- **France হতে ১ (এক) দিন বয়সী Indian River Parent Stock** ব্রয়লার জাতের ৩৯,১২৬ টি মুরগীর বাচ্চা আমদানীর

অনুমতি প্রসঙ্গে


সূত্র : ১. জনাব আশরাফুল হাসান, এ.জি.এম. প্রভিটা ব্রিডার্স লিমিটেড এর ০২/০১/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

২. জনাব নাহিদ হাসান, এ.জি.এম. প্রভিটা ব্রিডার্স লিমিটেড এর ৩০/০১/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন ১নং পত্রের প্রেক্ষিতে আপনাকে France হতে ১ (এক) দিন বয়সী হতে Indian River Parent Stock ব্রয়লার জাতের সর্বমোট= ৩৯,১২৬ (উনচল্লিশ হাজার একশত ছাফ্বিশ) টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ১২/০৪/২০২২ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হয়েছিল। কিন্তু রপ্তানী কারক প্রতিষ্ঠান গত বছরের আমদানি পারফরম্যান্স এর উপর ভিত্তি করে বিনামূল্যে (Bonus) হিসেবে (Proforma Invoice no: 20220070) এর মাধ্যমে ৬,৯৫৬ টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা দেয়ার জন্য ইচ্ছুক। সে প্রেক্ষিতে প্রভিটা ব্রিডার্স লিমিটেড এর ৩০/০১/২০২২ ইং তারিখের আবেদনে পত্রে পূর্বে অনুমতি প্রাপ্ত ৩৯১২৬ টি বাচ্চার সাথে আরো ৬৯৫৬ টি বাচ্চাসহ মোট (৩৯১২৬+৬৯৫৬)= ৪৬০৮২(ছেচল্লিশ হাজার বিরাশি)টি বাচ্চা আমদানি করার অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন। সূত্রোক্ত ২নং ক্রমিকের প্রাপ্ত আবেদন পত্র অনুযায়ী প্রভিটা ব্রিডার্স লিমিটেড কে Indian River Parent Stock ব্রয়লার জাতের সর্বমোট (৩৯১২৬+৬৯৫৬)= ৪৬০৮২(ছেচল্লিশ হাজার বিরাশি)টি বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ১২/০৪/২০২২ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা করা হ'ল।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা "সংক্রামক রোগমুক্ত" এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানী করতে হবে।
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানী অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নিদ্বারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



(ডাঃ পল্লব কুমার দত্ত)

উপপরিচালক (এইচ.আর.ডি)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

Tel. 880-02-22242054

E-mail: adtraining.dls@gmail.com

জনাব মোঃ নূরুন নবী ভূইয়া  
চেয়ারম্যান

Provita Breeders Limited  
Dinamonihat, Ashardia,  
Majdee court, Noakhali.

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ-

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
  - ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
  - ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
  - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
  - ৫। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
  - ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ-
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।